বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মনজুর হোসেন রেক্টর
সভার তারিখ	৩১ জুলাই ২০২১
সভার সময়	বেলা ০৩:৩০ মিনিট
স্থান	রেক্টরস্ কনফারেন্স রুম
উপস্থিতি	পরিশিষ্ট- ক

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহিদ সদস্যদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর ১৫ আগস্ট ২০২১ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত জাতীয় কর্মসূচির আলোকে কেন্দ্রে কর্মসূচি প্রণয়নে বিস্তারিত আলোচনা হয়। করোনা পরিস্থিতির কারণে স্বাস্থ্যবিধি পুংখানুপুংখরূপে অনুসরণপূর্বক যথাযোগ্য মর্যাদায় শোক পালনের জন্য নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	কর্মসূচি	আলোচনা	সিদ্ধান্ত ও বাস্তবায়নের দায়িত্ব
১	মাসব্যাপী কালো ব্যাজ ধারণ	১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য আগস্ট মাসব্যাপী কেন্দ্রের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে কালো ব্যাজ ধারণ করার বিষয়ে আলোচনা হয়। প্রশাসন অনুবিভাগ হতে সকলের নিকট কালো ব্যাজ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় অবহিত করা হয়। এ বিষয়ে একজন এমডিএস কে প্রধান করে একটি উপকমিটি গঠন করার নির্দেশনা প্রদান করা হয়।	কেন্দ্রের সকল কর্মকর্তা/ কর্মচারীগণকে মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করতে হবে। পরিচালক (প্রশাসন) সকলের নিকট কালো ব্যাজ সরবরাহের বিষয়টি নিশ্চিত করবেন। **বাস্তবায়নে:** সকল কর্মকর্তা/কর্মচারী এবং সংশ্লিষ্ট উপকমিটি
২	মাসব্যাপী শোকের ব্যানার, ড্রপওয়াল ও ফেস্টুন স্থাপন	মাসব্যাপী জাতির পিতা ও তার পরিবারের শহিদ সদস্যদের ছবি সংবলিত ব্যানার, ড্রপওয়াল ও ফেস্টুন ফুটওভার ব্রীজ, সকল গেইট, ভবন ও দৃশ্যমান স্থানে স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিষয়টি বাস্তবায়নে একটি উপকমিটি গঠন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	মাসব্যাপী জাতির পিতা ও তার পরিবারের শহিদ সদস্যদের ছবি সংবলিত ব্যানার, ড্রপওয়াল ও ফেস্টুন ফুটওভার ব্রীজ, সকল গেইট, ভবন ও দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে। **বাস্তবায়নে:** সংশ্লিষ্ট উপকমিটি

৩	সকল এলইডি, KIOSK ডিসপ্লে বোর্ডে জাতির পিতার ছবি, উক্তি ও জীবনীভিত্তিক ডকুমেন্টারি প্রদর্শন	সকল ইলেকট্রনিক ডিসপ্লেবোর্ডে জাতির পিতার ছবি, উক্তি ও জীবনীভিত্তিক ডকুমেন্টারি প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। ০১ আগস্ট হতে সকল এলইডি ডিসপ্লেবোর্ডে জাতির পিতার ছবি, উক্তি, জীবনীভিত্তিক ডকুমেন্টারি, ভিডিও ক্লিপ এবং কেন্দ্র কর্তৃক গৃহীত কর্মসূচি প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	সকল এলইডি, KIOSK ডিসপ্লেবোর্ডে জাতির পিতার ছবি, উক্তি ও জীবনীভিত্তিক ডকুমেন্টারি প্রদর্শন করতে হবে। **বাস্তবায়নে:** সংশ্লিষ্ট উপকমিটি
৪	জাতীয় পতাকা অর্ধনমিতকরণ	১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করে অর্ধনমিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিষয়টি বাস্তবায়নে একটি উপকমিটি গঠন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	১৫ আগস্ট ২০২১ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করে অর্ধনমিতকরণ নিশ্চিত করতে হবে। **বাস্তবায়নে:** সংশ্লিষ্ট উপকমিটি
৫	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ	স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক বিপিএটিসি অডিটরিয়ামের সামনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে ১৫ আগস্ট ২০২১ সকাল ৭:৩০ ঘটিকায় পুষ্পস্তবক অর্পণ করার বিষয়ে আলোচনা হয়। পুষ্পস্তবক অর্পণের সার্বিক প্রস্তুতি গ্রহণ করার জন্য একটি উপকমিটি গঠনপূর্বক দায়িত্ব প্রদানের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে ১৫ আগস্ট ২০২১ সকাল ০৭:৩০ ঘটিকায় অডিটরিয়ামের সামনে স্থাপিত প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করার সার্বিক প্রস্তুতি গ্রহণ করতে হবে। **বাস্তবায়নে:** সংশ্লিষ্ট উপকমিটি

৬	বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা	১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস উপলক্ষে সকাল ০৭:৪৫ ঘটিকায় কেন্দ্রের অডিটরিয়ামে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীভিত্তিক আলোচনা সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। "বঙ্গবন্ধু চেয়ার" প্রখ্যাত কথা সাহিত্যিক জনাব সেলিনা হোসেনকে মূখ্য আলোচক হিসেবে উপস্থিত থাকার বিষয়ে সভায় মত ব্যক্ত করা হয়। এছাড়া, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, জনাব এ এফ এম হায়াতুল্লাহ মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে আলোচনা অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মর্মে সভায় অবহিত করা হয়। আলোচনা অনুযায়ী স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ২০০ জন কর্মকর্তা/কর্মচারীর অংশগ্রহণ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। কোন কর্মকর্তা-কর্মচারীর কিংবা পরিবারের কোন সদস্যের কোভিড ১৯ সংশ্লিষ্ট লক্ষণ পরিলক্ষিত হলে তার উর্ধ্বতন কর্মকর্তাকে অবহিত করে অনুষ্ঠানে অংশগ্রহণ না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। আলোচনা অনুষ্ঠানের সার্বিক প্রস্তুতি গ্রহণ করার জন্য একজন এমডিএসকে প্রধান করে একটি আলোচনা উপকমিটি গঠন করার জন্য সভায় আলোচনা হয়।	“বঙ্গবন্ধু চেয়ার” জনাব সেলিনা হোসেন এর সাথে দ্রুত যোগাযোগ করতে হবে এবং আলোচনা অনুষ্ঠানে আলোচকগণের নাম নির্ধারণ, ২০০ জন কর্মকর্তা/কর্মচারীর অংশগ্রহণ নিশ্চিতকরণসহ আলোচনা সভার আয়োজন করতে হবে। **বাস্তবায়নে:** সংশ্লিষ্ট উপকমিটি ও মুজিববর্ষ সচিবালয়
৭	বিপিএটিসি স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে কবিতা পাঠ, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা (অনলাইনে)	জাতীয় শোক দিবস উপলক্ষে বিপিএটিসি স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে কবিতা পাঠ, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	বিপিএটিসি স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে কবিতা পাঠ, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার (অনলাইনে) আয়োজন করতে হবে। **বাস্তবায়নে:** সংশ্লিষ্ট উপকমিটি ও অধ্যক্ষ, বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
৮	কুরআনখানি ও দোয়া মাহফিল	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী উপলক্ষে বিপিএটিসি জামে মসজিদে পবিত্র কুরআন মজিদ খতমসহ বাদ যোহর মিলাদ মাহফিল ও বিশেষ মুনাজাত এর আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	বিপিএটিসি মসজিদে পবিত্র খতমে কুরআন, মিলাদ মাহফিল ও বিশেষ মুনাজাত এর আয়োজন করতে হবে। **বাস্তবায়নে:** মসজিদ কমিটি

৯	আঞ্চলিক কেন্দ্রসমূহে জাতীয় শোক দিবস পালন	বিপিএটিসি'র ন্যায় আঞ্চলিক কেন্দ্রসমূহ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকী উপলক্ষে বিস্তারিত কর্মসূচি গ্রহণপূর্বক বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	বিপিএটিসির ন্যায় আঞ্চলিক কেন্দ্রসমূহে জাতীয় শোক দিবস পালনে কর্মসূচি প্রণয়নপূর্বক বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়নে:** ক) পরিচালক (এসটিএন্ডআরসি) খ) উপপরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র

২। জাতীয় শোক দিবসের গৃহীত কর্মসূচিসমূহের মধ্যে সমন্বয় ও ফলোআপ করার জন্য এমডিএস (এম এ্যান্ড পি এ) এর নেতৃত্বে একটি উপকমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত উপকমিটি আগস্ট মাসের ১ম সপ্তাহে একটি ফলোআপ সভা করে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩। জাতীয় শোক দিবস পালনে পূর্বের কমিটির ন্যায় সকল উপকমিটি গঠন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়/স্বাস্থ্য মন্ত্রণালয় হতে কোন নির্দেশনা পাওয়া গেলে পরবর্তীতে গৃহীত কর্মসূচি সমন্বয় করা হবে।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বিয়াম, ঢাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণে কেন্দ্রের একজন এমডিএস এর নেতৃত্বে একটি প্রতিনিধি দল অংশগ্রহণ করবে।

৫। গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রয়োজনীয় ব্যয় প্রস্তাব আগামী ০৫ আগস্ট ২০২১ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করতে হবে।

৬। যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর্যের সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬তম শাহাদত বার্ষিকী পালনে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মনজুর হোসেন
রেক্টর

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১২৬.২৩.০০৩.১৬.১৪৬

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮
০২ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, শৃঙ্খলা ও তদন্ত অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) কর্মকর্তা (সকল), বিপিএটিসি ও আরপিএটিসি।

৩) রেক্টর-এর একান্ত সচিব, রেক্টর এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৪) অধ্যক্ষ, বিপিএটিসি, স্কুল এন্ড কলেজ

৫) কর্মচারী (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা-১৩৪৩।

মোঃ সিদ্দিকুর রহমান
পরিচালক